দৈনিক ইত্তেফাক

তারিখ 19 AUG 2008
পৃষ্ঠা 2 কলাম 9

স্বীকৃতিপ্রাপ্তদের এমপিওভুক্তির দাবী

# শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করুন

## —বাংলাদেশ শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল এম এ আউয়াল সিদ্দিকী ও সাধারণ সম্পাদক রঞ্জিত কুমার সাহা এক যুক্ত বিবৃতিতে পরীক্ষায় ফলাফলজনিত কারণে প্রায় সহস্রাধিক স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বন্ধের সরকারী সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহারের জোর দাবী জানান।

নেতৃবৃন্দ বলেন, সরকারের গৃহীত এ ধরনের সিদ্ধান্ত সম্পূর্ণ অমানবিক। বর্তমান অগ্নিমূল্যের বাজারে এ ধরনের সিদ্ধান্তে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের পারিবারিক জীবনে বিপর্যয় নেমে আসবে। তাই মানবিক কারণে এসব শিক্ষা প্রতিষ্ঠানকে কাম্য পর্যায়ে ফলাফল উন্নীত করার সুযোগদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বিবৃতিতে বলা হয়, বিগত বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের আমলে প্রায় সাত হাজার বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হলেও এসব প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত না করায় ওই প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষক-কর্মচারীগণ চরম আর্থিক সংকটে মানবেতর জীবনযাপন করছেন। নেতৃবৃন্দ সরকারী বিধি মোতাবেক স্বীকৃতিপ্রাপ্ত সব বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্ত করে কর্মরত শিক্ষক-কর্মচারীদের আর্থিক সংকট নিরসনের জন্য সরকারের নিকট জোর দাবী জানান।